গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
প্রশিক্ষণ শাখা

# সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ০৭/১০/২০২০ খ্রি. |
| সভার সময় | বিকাল: ০৪.৩০ ঘটিকা |
| স্থান | ভার্চুয়াল সভা |
| উপস্থিতি | ভার্চুয়াল সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা নিম্নরূপ ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): |

| | |
|---|---|
| ১. | পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা |
| ২. | পরিচালক (প্রশিক্ষণ) ও ইনোভেশন অফিসার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা |
| ৩. | পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা |
| ৪. | পরিচালক (মনিটরিং এন্ড ইভালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা |
| ৫. | পরিচালক (অর্থ ও ক্রয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা |
| ৬. | উপপরিচালক (সাধারণ প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা। |
| ৭. | উপপরিচালক (পরি. ও উন্ন.) ও সদস্য, ইনোভেশন কমিটি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা। |
| ৮. | উপপরিচালক (প্রশিক্ষণ) ও সদস্য, ইনোভেশন কমিটি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা। |
| ৯. | উপপরিচালক (মনিটরিং এন্ড ইভালুয়েশন) ও সদস্য, ইনোভেশন কমিটি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা। |
| ১০. | সহকারী পরিচালক (অর্থ ও ক্রয়-১) ও সদস্য, ইনোভেশন কমিটি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা। |
| ১১. | সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন) ও সদস্য, ইনোভেশন কমিটি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা। |
| ১২. | সহকারী পরিচালক (প্রশিক্ষণ-২) ও সদস্য সচিব, ইনোভেশন কমিটি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা। |
| ১৩. | গবেষণা কর্মকর্তা (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা। |
| ১৪. | সিনিয়র সিস্টেম এনালিস্ট (ইএমআইএস) ও সদস্য, ইনোভেশন কমিটি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা। |

সভাপতি মহোদয় ভার্চুয়াল সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রথমেই মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে ইনোভেশন কমিটির সদস্য সচিব জনাব মো: তানভীর হাসান, সহকারী পরিচালক (প্রশিক্ষণ-২) সভাপতি মহোদয়সহ উপস্থিত সবাইকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে অবহিত করেন। তিনি সভাকে জানান ২০২০-২০২১ অর্থ বছরে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের 'ইনোভেশন **খাতে'** ১,৪০,০০,০০০/- (এক কোটি চল্লিশ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে যেখানে ০১ দিনের ওরিয়েন্টেশন ওয়ার্কশপ; উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ দিনের ইনোভেশন প্রশিক্ষণ; সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ দিনের ইনোভেশন প্রশিক্ষণ; ইনোভেশন আইডিয়া শোকেসিং; ইনোভেশন আইডিয়া ইমপ্লিমেন্টেশন; ডিজিটাল সেবা বাস্তবায়ন; স্টাডি ভিজিট (দেশ) ; স্টাডি ভিজিট (বিদেশ) এবং প্রকাশনার সুযোগ রয়েছে। তিনি আরও জানান ইনোভেশন কার্যক্রমের আওতায় বিভিন্ন কার্যক্রম শুরু করার জন্য ৮০,০০,০০০/- (টাকা আশি লক্ষ মাত্র) অগ্রিম উত্তোলনের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। অগ্রিম উত্তোলণের অর্থ পাওয়া গেলে শীঘ্রই কার্যক্রম শুরু করা যাবে বলে তিনি সভাকে অবহিত করেন। সভায় ইনোভেশন আইডিয়া সম্পর্কে মহাপরিচালক মহোদয় জানতে চাইলে তিনি (সদস্য সচিব) জানান মাধ্যমিক ও উচ্চ শিক্ষা

অধিদপ্তর এবং এর আওতাধীন মাঠ পর্যায়ের অফিস (আঞ্চলিক অফিস, জেলা শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস) ও শিক্ষা প্রতিষ্ঠান (সরকারি কলেজ ও সরকারি মাধ্যমিক বিদ্যালয়) সমুহে ইনোভেশন কার্যক্রম/ইনোভেশন আইডিয়া বাস্তবায়নের সুযোগ রয়েছে। পাশাপাশি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং এর আওতাধীন মাঠ পর্যায়ের অফিস (আঞ্চলিক অফিস, জেলা শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস) সমুহে ডিজিটাল সেবা বাস্তবায়নের সুযোগ রয়েছে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ইনোভেশন অফিসার এবং পরিচালক (প্রশিক্ষণ) প্রফেসর ড. প্রবীর কুমার ভট্টাচার্য্য জানান আমরা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের উইং সমুহ, মাউশি অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের অফিস (আঞ্চলিক অফিস, জেলা শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস) ও শিক্ষা প্রতিষ্ঠান (সরকারি কলেজ ও সরকারি মাধ্যমিক বিদ্যালয়) সমুহ থেকে ইনোভেশন আইডিয়া ও ডিজিটাল সেবা আহবান করা হবে এবং সেখান থেকে নির্বাচিত আইডিয়া এবং ডিজিটাল সেবা বাস্তবায়নের জন্য উদ্যোগ গ্রহণ করা হবে।

ইনোভেশন কমিটির সদস্য ও উপপরিচালক (প্রশিক্ষণ) জনাব মো: জহিরুল আলম উদ্ভাবনী কাজের প্রদর্শনীর বিষয়টি উপস্থাপন করে জানান, প্রতিবছরের ন্যায় মন্ত্রণালয়ের সাথে যৌথভাবে প্রদর্শনীর আয়োজন না করে মাউশি অধিদপ্তর এককভাবে মাউশি অধিদপ্তর ও এর আওতাধীন প্রতিষ্ঠানের উদ্ভাবনী কার্যক্রমের প্রদর্শনী করতে পারে। মহাপরিচালক মহোদয় এতে সম্মতি প্রদান করেন এবং মে মাসের প্রথম সপ্তাহে আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

ইনোভেশন কমিটির সদস্য ও উপপরিচালক (মনিটরিং এন্ড ইভা.) জনাব সেলিনা জামান জানান, তাদের উইং কর্তৃক বাস্তবায়নাধীন ডিজিটাল মনিটরিং সিস্টেম বাস্তবায়নের অংশ হিসেবে মাউশি অধিদপ্তর ও এর মাঠ পর্যায়ের কর্মকর্তাদের নিয়ে একটি ওয়ার্কশপ করা প্রয়োজন। ইনোভেশন খাতের বরাদ্দ থেকে এই ওয়ার্কশপ আয়োজন করা যায় কিনা তিনি জানতে চান। ডিজিটাল মনিটরিং সিস্টেম বাস্তবায়ন গুরুত্বপূর্ণ একটি ইনোভেশন বলে তিনি সভাকে অবহিত করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দ মন্ত্রণালয়ের সাথে আলাপ করে পরবর্তীতে এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে মর্মে মতামত প্রদান করেন।

ইনোভেশন আইডিয়া/ইনাভেশন কার্যক্রম সংক্রান্ত বিষয় প্রকাশনার বিষয়ে গুরুত্ব আরোপ করে সভার সভাপতি এ সংক্রান্তে একটি সাব-কমিটি গঠন করে দ্রুত উদ্যোগ গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

সভায় গৃহীত সিদ্ধান্ত সমুহ:

| | |
|---|---|
| ০১. | অগ্রীম উত্তোলনের অর্থ ছাড়করণে তৎপর থাকতে হবে এবং অর্থ ছাড়করণে সাথে সাথে ইনোভেশন কমিটি কার্যক্রম বাস্তবায়নে ব্যবস্থা গ্রহণ করবে; |
| ০২. | পরবর্তী ০২ (দুই) কর্মদিবসের মধ্যে ইনোভেশন আইডিয়া ও ডিজিটাল সেবা চেয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের উইং সমুহ, মাউশি অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের অফিস ও শিক্ষা প্রতিষ্ঠান সমুহে পত্র প্রেরণ করতে হবে; |
| ০৩. | চলতি মাসের মধ্যে ইনোভেশন আইডিয়া/ইনাভেশন কার্যক্রম সংক্রান্ত বিষয় প্রকাশনার জন্য একটি সাব-কমিটি গঠন করতে হবে; |
| ০৪. | বিভিন্ন অফিস ও প্রতিষ্ঠান থেকে ইনোভেশন আইডিয়া এবং ডিজিটাল সেবার প্রস্তাব পাওয়া গেলে দ্রুত বাস্তবায়নের জন্য সেবা নির্বাচন করতে হবে; |
| ০৫. | মে মাসের প্রথম সপ্তাহে উদ্ভাবনী কাজের প্রদর্শনীর (Showcasing) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং |
| ০৬. | ইনোভেশন খাতের বরাদ্দকৃত অর্থ থেকে ডিজিটাল মনিটরিং সিস্টেম বাস্তবায়ন সংক্রান্ত ওয়ার্কশপ আয়োজনের বিষয়ে মন্ত্রণালয়ের সাথে আলাপ করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১০.৭১.০০১.২০.৬২২

তারিখ: ২ কার্তিক ১৪২৭
১৮ অক্টোবর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক, কলেজ ও প্রশাসন উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
২) পরিচালক , প্রশিক্ষণ উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৩) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা ও উন্নয়ন উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৪) পরিচালক , মনিটরিং এন্ড ইভাল্যুয়েশন উইং , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৫) পরিচালক , ফিন্যান্স এন্ড প্রকিউরমেন্ট উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৬) পরিচালক , মাধ্যমিক উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৭) উপপরিচালক, সাধারণ প্রশাসন শাখা , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৮) উপ-পরিচালক (পঃ ও উন্নঃ), পরিকল্পনা ও উন্নয়ন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৯) উপ-পরিচালক, প্রশিক্ষণ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
১০) উপপরিচালক-১, মনিটরিং অ্যান্ড ইভাল্যুয়েশন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
১১) সহকারী পরিচালক, সাধারণ প্রশাসন শাখা , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
১২) গবেষণা কর্মকর্তা-৩, প্রশিক্ষণ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
১৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
১৪) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

মোঃ তানভীর হাসান
সহকারী পরিচালক-২